ফ্যাক্স বার্তা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী**
**সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।**
www.ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৩১.০০১.০৭.৮২২

তারিখঃ ০৭ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয় : অপারেশনাল আদেশ - ঘূর্ণিঝড় 'সিত্রাং' মোকাবেলা।**

১। **ভূমিকাঃ** ঘূর্ণিঝড় 'সিত্রাং' ক্রমাগত বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম উপকূল বরাবর ধাবমান বিধায় উপকূলীয় জেলাসমূহে আঘাত হানার সমূহ সম্ভাবনা রয়েছে। এর ফলে সাধারণ জনগণ, পোষা প্রাণী ও ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত হওয়া থেকে রক্ষার্থে এবং তাদের পাশে দাঁড়ানোর নিমিত্তে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্টগণকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

২। **জেলাসমূহঃ** চট্টগ্রাম, কক্সবাজার, ভোলা, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, চাঁদপুর, বরিশাল, বরগুনা, পটুয়াখালী, ঝালকাঠি, পিরোজপুর, খুলনা, সাতক্ষীরা এবং বাগেরহাট।

৩। **অবধারিত অংশগ্রহণঃ** উক্ত জেলাসমূহের আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সকল কর্মকর্তা ও কর্মচারী অবধারিতভাবে নিজ কর্মস্থলে সক্রিয় থাকবেন এবং উক্ত ঘূর্ণিঝড় মোকাবেলায় অংশগ্রহণ করবেন।

৪। **উক্ত জেলাসমূহে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা কমান্ড্যান্টগণের জন্য করণীয়ঃ**

৪.১ ঘূর্ণিঝড় 'সিত্রাং' মোকাবেলায় স্বাস্থ্যবিধি মেনে প্রশাসনের সাথে সমন্বয় করে অথবা নিজ উদ্যোগে মানুষের চলাচল ও দুর্গত মানুষদের আশ্রয় কেন্দ্রে নিয়ে যাওয়ার ব্যবস্থা ও প্রচারণার মাধ্যমে সচেতন করতে হবে।

৪.২ উপকূলীয় সংশ্লিষ্ট রেঞ্জ কার্যালয়ে এবং জেলা কমান্ড্যান্টের কার্যালয়ে কন্ট্রোল রুম স্থাপন করতে হবে।

৪.৩ সম্মানী ভাতাপ্রাপ্ত সকল ইউনিয়ন/ওয়ার্ড দলনেতা/দলনেত্রী, উপজেলা ও ইউনিয়ন আনসার কমান্ডার/সহকারী আনসার কমান্ডারসহ সকলের সমন্বয়ে ঘূর্ণিঝড় মোকাবেলায় একযোগে কাজ করতে হবে।

৪.৪ ঘূর্ণিঝড় কবলিত এলাকার আইনশৃঙ্খলা রক্ষায় স্বেচ্ছাসেবার ভিত্তিতে বিভিন্ন পদবীর ব্যাটালিয়ন আনসার সদস্য, সাধারণ আনসার ও ভিডিপি সদস্য/সদস্যাকে নিয়োজিত করতে হবে।

৪.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়াধীন দপ্তর ও বিভিন্ন সরকারি সংস্থা বা সরকারের কোন এজেন্সি কর্তৃক গৃহীত কার্যক্রমে সহযোগিতা করা যাবে।

৪.৬ পোষা প্রাণী যেমন- গরু, ছাগল, হাঁস, মুরগী ইত্যাদিকে যথাসম্ভব নিরাপদ স্থানে সরিয়ে নিতে সহযোগিতা করতে হবে।

৪.৭ স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদেয় চিকিৎসা সেবা প্রদান কার্যক্রমে যথাসম্ভব সহযোগিতা করতে হবে।

উক্ত এলাকায় আনসার ও ভিডিপি সদস্য-সদস্যাদের সকল অংশগ্রহণমূলক কার্যক্রম প্রতিবেদন [প্রতি দিনের ছবি ভিডিও ক্লিপ] তাৎক্ষণিকভাবে আভি অপস্ কমান্ড চ্যানেল হোয়াটসঅ্যাপ গ্রুপে প্রেরণ করবেন।

৫। **আদেশ ও সংকেতঃ** আনসার-ভিডিপি বাহিনীর অপস্ নিয়ন্ত্রণ কক্ষ সার্বক্ষণিক খোলা থাকবে। ঘূর্ণিঝড় সম্পর্কিত তথ্য প্রেরণের জন্য নিম্নবর্ণিত টেলিফোন নম্বরে যোগাযোগ করতে হবেঃ

**অপস্ নিয়ন্ত্রণ কক্ষঃ** ৪৭১৪০৮৮
**নিয়ন্ত্রণ কক্ষঃ** ০২-৪৭২১৪৯৩১-২, ০২-৪৭২১৪৯৫১-৭।
**ফ্যাক্স নম্বর:** ০২-৪৭২১৪৯৫৯/০২-৪৭২১৪০৮৮।
**উপমহাপরিচালক** (অপারেশনস্): ০২-৪৭২১৪৯২৩ (অফিস), ০১৭৩০০৩৮০০৩ (মোবাইল)।
**পরিচালক** (অপারেশনস্): ০১৭৩০০৩৮০২২ (মোবাইল)।
**উপপরিচালক** (অপারেশন): ০১৭৩০০৩৮০২৭ (মোবাইল)।
**সহকারী পরিচালক** (অপারেশন): ০১৭৩০০৩৮২৫৭ (মোবাইল)।
**সহকারী পরিচালক** (অপারেশনস্ সংস্থাপন): ০১৭৭৭৭১৫৮০৪ (মোবাইল)।

৫.১ **অপস্ কন্ট্রোলরুমের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য নির্দেশাবলীঃ**
ক। দায়িত্ব পালনকালে যে কোন ঘটনাবলী রেজিস্টারে লিপিবদ্ধ করবেন এবং ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।
খ। বাহিনীর চেইন অব কমান্ডে অপারেশনস্ পরিদপ্তরের মাধ্যমে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করবেন এবং তাঁর নির্দেশনা/পরামর্শ মোতাবেক কার্যক্রম পরিচালনা করবেন।

৬। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

মোঃ কামরুল ইসলাম
পরিচালক (অঙ্গীভূতকরণ)
ও
পরিচালক (অপস্-অতিঃ দায়িত্ব)
মোবাইল নং-০১৭৩০০৩৮০২২

CS CamScanner

স্মারক নং-৪৪.০৩.০০০০.০৪১.৩১.০০১.০৭.৮২২ তারিখঃ ০৭ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
২৩ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দ

**অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| | | |
|---|---|---|
| ১। | সিনিয়র সচিব<br>জননিরাপত্তা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | সদয় অবগতির জন্য। |
| ২। | সচিব<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | |
| ৩। | অতিরিক্ত সচিব (আনসার ও সীমান্ত/রাজনৈতিক ও আইসিটি)<br>জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | |
| ৪। | অতিরিক্ত মহাপরিচালক<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | |
| ৫। | বিভাগীয় কমিশনার (উপকূলীয়-সংশ্লিষ্ট)<br>চট্টগ্রাম/খুলনা/বরিশাল। | |
| ৬। | উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশন্স/প্রশিক্ষণ)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | |
| ৭। | উপমহাপরিচালক<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, চট্টগ্রাম ও খুলনা রেঞ্জ। | |
| ৮। | স্বরাষ্টমন্ত্রীর একান্ত সচিব<br>জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ৯। | মন্ত্রীর একান্ত সচিব<br>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়. বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ১০। | পরিচালক (রেঞ্জ কমান্ডার)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, বরিশাল ও কুমিল্লা রেঞ্জ। | সদয় অবগতির জন্য। |
| ১১। | পরিচালক/ব্যাটালিয়ন অধিনায়ক (উপকূলীয়-সংশ্লিষ্ট)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী<br>কক্সবাজার/লক্ষ্মীপুর/পটুয়াখালী/খুলনা/সাতক্ষীরা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১২। | জেলা প্রশাসক (উপকূলীয়-সংশ্লিষ্ট), ........................................ | কার্যক্রমের জন্য। |
| ১৩। | জেলা কমান্ড্যান্ট (উপকূলীয়-সংশ্লিষ্ট)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ........................................ | |
| ১৪। | উপপরিচালক (মনিটরিং)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতির জন্য। |
| ১৫। | উপপরিচালক (সমন্বয় /পিএস টু ডিজি)<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য। |
| ১৬। | অপস্ কন্ট্রোল রুম<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | অবগতি ও কার্যক্রমের জন্য। |
| ১৭। | অফিস/মাস্টার কপি। | |

পরিচালক (অঙ্গীভূতকরণ)
ও
পরিচালক (অপস্-অতিঃ দায়িত্ব)

CamScanner